

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় রাজস্ব বোর্ড সরকারের রাজস্ব আহরণ সংক্রাম কার্যক্রম পরিচালনাকারী মখ্য জাতীয় প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান সরকারের রাজস্ব আহরণ বাজেট ঞনয়ন করে থাকে। একটি অংশগ্রহনমলক (Participatory), গণমখী (Pro-people) ও সুযম বাজেট ঞনয়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড বিভিন্ন শিল্প বণিক সমিতি, ট্রেড এসোসিয়েশন, পেশাজীবী সংগঠন, গবেষণা প্রতিষ্ঠান, দেশের বুদ্ধিজীবী সম্প্রদায়ের নিকট থেকে বাজেট প্রসাব আহ্বান এবং রাজস্ব আয় পদ্ধতি প্রক্রিয়া সম্পর্কে আলোচনা অনুষ্ঠান করে আসছে। আসন্ন ২০০৮-০৯ অর্থ বছরের রাজস্ব আয় বাজেটকে অধিকতর অর্থবহ, যৌক্তিক, বস্তুনিষ্ঠ, জনচাহিদা মাফিক, অংশীদারিত্বমলক ও সুযম করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড সময়ের সীমাবদ্ধতা পরিহারপর্বক বিশ্লেষণধর্মী আলাপ আলোচনার মাধ্যমে বাজেট ঞনয়নে আগ্রহী। এ লক্ষ্যে অন্যান্য বছরের তুলনায় এ বছর আগেভাগে বাজেট প্রস্তুতির কাজ শুরু করা হয়েছে। এমতাবস্থায়, জাতীয় রাজস্ব বোর্ড নিম্নবর্ণিত সমিতি/ সংগঠন/ ব্যক্তিবর্গকে আগামী ৩১ জানুয়ারী, ২০০৮ তারিখের মধ্যে বাজেট প্রসাব ও পরামর্শ বস্তুনিষ্ঠ যুক্তি, প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও পরিসংখ্যানসহকারে জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব (বাজেট সমন্বয়) জনাব জামাল হোসেন, এর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

(ক) এফ বি সি সি আই, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (MCCI), ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (DCCI), ফরেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (FCCI), আই সি সি আই এবং বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিসহ দেশের বিভাগীয় শহরের শিল্প ও বণিক সমিতিসমহকে তাদের বাজেট প্রসাব সরাসরি এবং অন্যান্য সকল জেলা শিল্পবণিক সমিতিতে FBCCI এর মাধ্যমে।

(খ) বিজিএমইএ, বিকেএমইএ, সকল আমদানিকারক ও রপ্তানীকারকসহ অন্যান্য ট্রেড এসোসিয়েশন।

(গ) ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট এন্ড একাউন্টেন্টস (ICMA), ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব বাংলাদেশ (ICAB)সহ সকল পেশাজীবী সংগঠন।

(ঘ) BIDS, CPD সহ সকল গবেষণা প্রতিষ্ঠান।

(ঙ) সিভিল সোসাইটিসহ সকল বিশেষজ্ঞ ব্যক্তি /প্রতিষ্ঠান।

২। সকলের নিকট থেকে প্রাপ্ত প্রসাবসমহ সমন্বিত করার পর ফেব্রুয়ারী/২০০৮ মাসের মাঝামাঝি সময় থেকে বণিক সমিতি ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডার সংগঠনের সাথে খাত ভিত্তিক প্রাক বাজেট আলোচনা শুরু করা হবে। কোন সমিতি /সংগঠন/ প্রতিষ্ঠানের সাথে কোন্ তারিখে কোন্ খাত ভিত্তিক প্রাক বাজেট আলোচনা হবে তা পর্বাহে পত্র দ্বারা জানান হবে।

৩। রাজস্ব আহরণ বাজেট ঞনয়ন প্রক্রিয়ায় জ্ঞান ও গবেষণা ভিত্তিক তথ্য আদান প্রদান ও সুপারিশ এবং পর্যালোচনা বিনিময়ের মাধ্যমে বাংলাদেশ ট্যারিফ কমিশনকে সম্পৃক্ত করণের লক্ষ্যে আজ ৩ জানুয়ারী, ২০০৮ তারিখে ট্যারিফ কমিশনের চেয়ারম্যান ও উদ্ধর্তন কর্মকর্তগনের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ এক আলোচনা সভায় মিলিত হন।